দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JUN 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# পুলিশের হাতে লাঞ্ছিত হলেন জাবি শিক্ষক

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

পুলিশের হাতে শারীরিকভাবে লাঞ্ছিত হয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. হাসান ইমাম। গতকাল শনিবার সকালে সাভারের নবীনগর বাসস্ট্যান্ডে এ ঘটনা ঘটে। অভিযুক্ত পুলিশ সদস্যের বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বরাবর লিখিত অভিযোগ করেছেন ঐ শিক্ষক।

জানা যায়, গতকাল ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাভারের স্মৃতিসৌধে ফুল দেয়ার আগে ঢাকা-আরিচা মহাসড়ক আটকে দেয় পুলিশ। এ সময় বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষক মো. হাসান ইমাম তার স্ত্রীকে নিয়ে নাগরপুর সরকারি কলেজে যাওয়ার জন্য কোনো গাড়ি চলছে কিনা পুলিশ সদস্য মো. আলমগীরের কাছে জানতে চাইলে তিনি তাদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন। পরিচয় দেয়া সত্ত্বেও তিনি তাদেরকে অপমান করেন এবং বিশ্ববিদ্যালয় সম্পর্কে কটাক্ষমূলক মন্তব্য করেন। এক পর্যায়ে শিক্ষক মো. হাসান ইমামকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন পুলিশ সদস্য মো. আলমগীর।